

জীবি উপাচার্য প্যানেল নির্বাচন স্থগিতের দাবিতে নতুন কর্মসূচি

জীবি প্রতিনিধি

আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে মেয়াদোত্তীর্ণ সিনেট নির্বাচনের আগে আগামী ২০ জুলাই ঘোষিত উপাচার্য প্যানেল নির্বাচন স্থগিতের দাবিতে নতুন কর্মসূচি ঘোষণা করেছেন 'স্বয়ংসিদ্ধ শিক্ষক পরিষদ'। মঙ্গলবার বিকালে বিশ্ববিদ্যালয়ের সমাজ কিস্তান অনুষ্ঠানের ল্যাউঞ্জে দুইদিনব্যাপি এই কর্মসূচি ঘোষণা করেন স্বয়ংসিদ্ধ শিক্ষক পরিষদের আনুষ্ঠানিক অধ্যাপক এম এ মতিন। একই দাবিতে গতকাল মঙ্গলবার শিক্ষকরা উপাচার্য বরাবর স্মারকলিপি পেশ করেন।

জানা যায়, উপাচার্য প্যানেল নির্বাচন স্থগিত করে মেয়াদোত্তীর্ণ বিভিন্ন প্রশাসনিক বডি নির্বাচনের দাবিতে শিক্ষকরা আজ বুধবার পথযাত্রা ও বৃহস্পতিবার প্রশাসনিক ভবনের সামনে অবস্থান কর্মসূচি পালন করবেন। এর মধ্যে দাবি আদায় না হলে সামনে আরও কঠোর কর্মসূচি দেয়া হবে বলে জানিয়েছেন আন্দোলনরত শিক্ষকরা। এদিকে একই দাবিতে মঙ্গলবার উপাচার্য বরাবর স্মারকলিপি পেশ করেছেন তারা। স্মারকলিপিতে উপাচার্যের প্রতিশ্রুতি মোতাবেক উপাচার্য প্যানেল নির্বাচনের পূর্বে ডিন ও সিক্রেট নির্বাচনের ব্যবস্থা করা, মেয়াদোত্তীর্ণ সিনেট সদস্যদের পরিবর্তে নতুন সিনেট সদস্য নির্বাচন/মনোনয়ন, তারপর যথাযথ পদক্ষেপের মাধ্যমে প্যানেল নির্বাচন সম্পন্ন করার দাবি জানানো হয়। অন্যথায় ২০ জুলাই কোনো প্যানেল নির্বাচন করতে দেয়া হবে না বলে এতে উল্লেখ করা হয়।

প্রসঙ্গত, আগামী ২০ জুলাই সিনেটের এক জরুরি সাধারণ সভা আহ্বান করে উপাচার্য প্যানেল নির্বাচনের ঘোষণা দিয়েছেন উপাচার্য অধ্যাপক আনোয়ার হোসেন। বিশ্ববিদ্যালয় অ্যাক্ট ১৯৭৩ অনুযায়ী, সিনেটরদের ভেটে ডিনজনের উপাচার্য প্যানেল থেকে রপ্তপতি একজনকে উপাচার্য মনোনয়ন দেন। কিন্তু বর্তমানে সিনেটরদের বেশিরভাগই মেয়াদোত্তীর্ণ হওয়ায় বিভিন্ন মতাদর্শের শিক্ষকরা আগে মেয়াদোত্তীর্ণ সিনেট, সিক্রেট ও ডিন নির্বাচন দাবি করে আসছেন।